

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
সমবায় অধিদপ্তর  
এফ-১০, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।  
www.coop.gov.bd

সার্কুলার নং: ৪৭.৬১.০০০০.০৬৫.০৬.০০১.২০১৭ - ১৩৩

তারিখ: ০২/০২/২০২০

সার্কুলার

সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৮(৫) ও ১৮(৭) ধারায় গঠিত কমিটির মেয়াদ ১২০ (একশত বিশ) দিন হলেও মেয়াদকাল গণনা শুরুর তারিখ উল্লেখ না থাকায় ক্ষেত্র বিশেষে আদেশ জারীর তারিখ হতে এবং কোথাও কোথাও দায়িত্ব গ্রহণের তারিখ হতে মেয়াদ গণনা করায় বাস্তবে নানা জটিলতা সৃষ্টি হচ্ছে এবং কোন কোন নিয়োগকৃত কমিটি সমবায় আইন ও বিধির আলোকে যথাযথ ব্যবস্থা গ্রহণ না করে কালক্ষেপন করছে। ফলে সংশ্লিষ্ট আইনটি প্রয়োগে মাঠ পর্যায়ে বিভ্রান্তি ও জটিলতা দেখা দিয়েছে। এমতাবস্থায় উদ্ভূত বিভ্রান্তি ও জটিলতা পরিহারের লক্ষ্যে-

পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৮(৫) ধারার অধীনে নিয়োগকৃত ব্যবস্থাপনা কমিটি এবং ১৮(৭) ধারার অধীনে গঠিত ব্যবস্থাপনা কমিটির মেয়াদ নিয়োগের তারিখ হতে গণনা করার নির্দেশনা প্রদান করা হলো। উল্লিখিত ধারা সমূহের আওতায় নিয়োগকৃত উভয় কমিটি গঠনের তারিখ হতে নির্ধারিত সময়ের মধ্যে সমিতির দায়িত্বভার গ্রহণের জন্য সমবায় আইন ও বিধির আওতায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এ বিষয়ে দ্রুততার সাথে সার্বিক দায়িত্ব পালনে সহযোগিতা প্রদান করার জন্য সংশ্লিষ্ট দপ্তর সমূহকে নির্দেশ প্রদান করা হলো।

জনস্বার্থে এই সার্কুলার জারী করা হলো।


স্বাক্ষরিত/ (মোঃ আমিনুল ইসলাম)  
নিবন্ধক ও মহাপরিচালক  
সমবায় অধিদপ্তর, ঢাকা।  
ফোনঃ ৯১৪১১৩১  
Email: coop\_bangladesh@yahoo.com

স্মারক নং- ৪৭.৬১.০০০০.০৬৫.০৬.০০১.২০১৭ - ১৩৩/১ (২৩)

তারিখ: ০২/০২/২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'লঃ

১. অতিরিক্ত নিবন্ধক, প্রশাসন মাসউ ও ফাইন্যান্স/অডিট ও আইন/সমিতি ব্যবস্থাপনা/ইপিপি, সমবায় অধিদপ্তর, ঢাকা।
২. অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী, কুমিল্লা।
৩. যুগ্ম-নিবন্ধক, ..... সমবায় অধিদপ্তর, ঢাকা।
৪. যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা/রাজশাহী/খুলনা/বরিশাল/রংপুর/সয়মনসিংহ/সিলেট/চট্টগ্রাম। তাঁকে তাঁর আওতাধীন সকল জেলা/উপজেলা/থানা সমবায় কার্যালয়ে অনুলিপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
৫. অধ্যক্ষ, আঞ্চলিক সমবায় শিক্ষায়তন, .....।
৬. নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী। সমবায় অধিদপ্তর, ঢাকা।

  
(মোঃ নবীরুল ইসলাম) ২০২০

যুগ্ম-নিবন্ধক (অডিট ও আইন)  
সমবায় অধিদপ্তর, ঢাকা।